

সেই এইচএসসি পরীক্ষার্থীর পরীক্ষা নেওয়ার বিষয়টি বিবেচনাধীন

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১১:১৩, ২৭ জুন ২০২৫; আপডেট: ১১:৩৫, ২৭
জুন ২০২৫



ছবি: সংগৃহীত

চলতি বছরের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও
সমমানের পরীক্ষা শুরু হয়েছে বৃহস্পতিবার (২৬ জুন)।
সারাদেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে ১২ লাখ ৫১ হাজার ১১১
জন শিক্ষার্থী অংশ নিচ্ছেন এই পরীক্ষায়। তবে পরীক্ষার প্রথম
দিনেই ঢাকা শিক্ষা বোর্ডে ঘটেছে এক হৃদয়বিদ্রুত ঘটনা।

অসুস্থ মাকে হাসপাতালে পোঁছে দিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ
করতে দেরি হওয়ায় প্রথম দিনের এইচএসসি পরীক্ষায়
রাজধানীর সরকারি মিরপুর বাঁওলা কলেজ কেন্দ্রের এক
শিক্ষার্থীর পরীক্ষা না দিতে পারার ঘটনা গণমাধ্যমে প্রকাশিত
হয়েছে। পরীক্ষা দিতে না পারায় ওই কেন্দ্রের সামনে তাকে
কাঁদতে দেখা যায়। তবুও ওই শিক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে
পারেনি। বিষয়টি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ায় অনেকেই
ক্ষেত্রে প্রকাশ করেছেন।

তবে ওই শিক্ষার্থীর পরীক্ষা নেওয়ার বিষয়টি বিবেচনাধীন রয়েছে বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা সিআর আবরার। শুক্রবার (২৭ জুন) এ তথ্য জানানো হয়েছে চীফ অ্যাডভাইজার (জিওবি) ফেসবুক পেজে।

এ বিষয়ে শিক্ষা উপদেষ্টা সিআর আবরার বলেন, ‘মানবিক বিবেচনায় ওই শিক্ষার্থীর বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। বাংলা প্রথম পত্রের পরীক্ষা নেওয়ার বিষয়টি পাবলিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত আইন ও বিধির আলোকে সমাধানের চেষ্টা করা হচ্ছে। তার এ দৃঃসময়ে আমরাও সমব্যক্তি। এ পরীক্ষার্থীকে উদ্বিগ্ন না হওয়ার অনুরোধ জানাচ্ছি।’

সূত্র: <https://www.facebook.com/share/16Ubdnhuva/>